গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলীরোড, ঢাকা।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০৩৬.২১.৬৯০

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৮
০২ মার্চ ২০২২

বিষয়: **বগুড়া জেলার ধুনট উপজেলাধীন জোড়খালী ফাযিল মাদ্রাসার শিক্ষক/কর্মচারীদের এমপিও শীটে পদবী সংযোজনের আবেদন যাচাই /তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রসঙ্গে।**

সূত্র: (১) জোড়খালী ফাযিল মাদ্রাসার স্মারক নং-৩৭.০২.১০২৭.০০০.১৮.০০০.২০২২/১১; তারিখ: ১৩/০২/২২ খ্রি: মাশিঅর ডকেট নং-১৯৯৯; তারিখ: ২২/০২/২০২২খ্রি:
(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধুনট,বগুড়া এর স্মারক নং-৩৭.১০.১০২৭.০০২.০০.০৩৯.১৭/২৭; তারিখ: ১০.০২.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বগুড়া জেলার ধুনট উপজেলাধীন জোড়খালী ফাযিল মাদ্রাসার **শিক্ষক/কর্মচারীদের** এমপিও শীটে **পদবী সংযোজনের** আবেদন দাখিল করা হয়েছে। আবেদন পত্র অনুযায়ী প্রতিকার প্রার্থীদের চাহিত **পদবী** নিম্নরূপঃ

| ক্রমিকনং | নাম, পদবী, বিষয়, ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা | এমপিও শীটে বিদ্যমান **বিষয়** | আবেদনকারীর চাহিত **বিষয়** |
|---|---|---|---|
| ০১ | মো: আবু বকর সিদ্দিক/ MD. ABUBAKER SIDDIQUE ,ইনডেক্স নং-R080593, জোড়খালী ফাযিল মাদ্রাসা,ধুনট,বগুড়া। | উল্লেখ নেই | সিহকারী অধ্যাপক (AP) |
| ০২ | মো: আলতাফ হোসেন/ MD. ALTAF HOSSAIN, ইনডেক্স নং- R091607 জোড়খালী ফাযিল মাদ্রাসা,ধুনট,বগুড়া। | উল্লেখ নেই | সহকারী মৌলভী (AM) |
| ০৩ | মোছা: শাহনাজ পারভিন/MST. SHAHANAJ PARVIN, ইনডেক্স নং-R684687, জোড়খালী ফাযিল মাদ্রাসা,ধুনট,বগুড়া। | উল্লেখ নেই | সহকারী শিক্ষক (কৃষি)/AGT |
| ০৪ | রাবিয়া খাতুন/ RABEYA KHATUN ইনডেক্স নং-R099391, জোড়খালী ফাযিল মাদ্রাসা,ধুনট,বগুড়া। | উল্লেখ নেই | সহকারী মৌলভী (AM) |
| ০৫ | মো: শামীম আহসান/ MD. SHAMIM AHSAM, ইনডেক্স নং- R687269, জোড়খালী ফাযিল মাদ্রাসা,ধুনট,বগুড়া। | উল্লেখ নেই | সহকারী মৌলভী (AM) |
| ০৬ | মো: মুনজুর আলম/MD. MUJUR ALAM, ইনডেক্স নং- R2020825, জোড়খালী ফাযিল মাদ্রাসা,ধুনট,বগুড়া। | উল্লেখ নেই | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |
| ০৭ | আল আমিন/ AL AMIN, ইনডেক্স নং- N2105657, জোড়খালী ফাযিল মাদ্রাসা,ধুনট,বগুড়া। | উল্লেখ নেই | অফিস সহকারী কাম হিসাব সহকারী |
| ০৮ | স্বপন মিয়া/ SHOPON MIA, ইনডেক্স নং-2020084, জোড়খালী ফাযিল মাদ্রাসা,ধুনট,বগুড়া। | উল্লেখ নেই | পরিচ্ছন্নতা কর্মী (CLS) |
| ০৯ | মো: বাবু মিয়া/ MD. BABU MIA, ইনডেক্স নং- R2020862, জোড়খালী ফাযিল মাদ্রাসা,ধুনট,বগুড়া। | উল্লেখ নেই | নৈশ প্রহরী (NWM) |
| ১০ | মো: শাহীন আলম/ MD SHAHIN ALAM ইনডেক্স নং- R2032077, জোড়খালী ফাযিল মাদ্রাসা,ধুনট,বগুড়া। | উল্লেখ নেই | এম,এল,এস,এস (MLSS) |

আবেদনটি যাচাইপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য **জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন), জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী)**, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে যৌথভাবে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো। তদন্ত কার্যক্রমে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ/ডকুমেন্ট/বিষয়াদি যাচাই করবেন:

(০১)প্রতিকার প্রার্থীর নিজস্ব স্বাক্ষরযুক্ত আবেদন যথাযথ আছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০২)প্রতিষ্ঠান প্রধান/গভর্ণিং বডি/ম্যানেজিং কমিটি/স্থানীয় কর্তৃপক্ষের সুপারিশসহ অগ্রায়ণ করা হয়েছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৩)SSC/দাখিল/জন্ম তারিখ সম্বলিত মূল সনদসহ শিক্ষা জীবনের সকল সনদের নম্বর উল্লেখসহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ

করতে হবে।

(০৪) NID যথাযথ যাচাই করতে হবে এবং প্রতিবেদনে NID নম্বর ও ইস্যুর তারিখ উল্লেখ করতে হবে।

(০৫) প্রথম MPO শীটসহ জন্ম তারিখ সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট MPO শীটসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৬) প্রথম বেতন-বিলসহ বেতন **পদবী** সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট বেতন বিলসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৭)চাকুরি জীবনে সকল প্রতিষ্ঠানে চাকুরী প্রাপ্তির আবেদন/সংশ্লিষ্ট সকল নিয়োগ পরীক্ষার ফলাফল শীট এবং অন্যান্য কাগজপত্রে জন্ম তারিখের বিষয়টি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৮)প্রথম চাকুরী কালীন সময়ে জনবল কাঠামো অনুযায়ী সংশ্লিষ্ট পদ/বিষয়/বেতন কোডে/বেতন স্কেলেরপ্রাপ্যতা এবং বর্তমানে দাবীকৃত পদ/বিষয়/কোডে/বেতন কোডে/বেতন স্কেলেরপ্রাপ্যতা যথাযথভাবে যাচাইপূর্বক মন্তব্য প্রাতবেদনে উল্লেখ করতে হবে।***

(০৯) প্রথম চাকুরিতে যোগদানের পর এমপিও পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর **পদবী** সম্বলিত দাখিলকৃত আবেদনের মূল কপি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১০) প্রয়োজনীয় ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক শাখার যথাযথ প্রত্যয়ন/প্রতিবেদন/ননড্রয়াল যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১১) নাম পরিবর্তন/সংশোধনের ক্ষেত্রে বর্তমান এবং দাবীকৃত নাম বাংলা এবং ইংরেজিতে যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১২) সমস্যার কারণ কি এবং কবে থেকে উক্ত সমস্যা সৃষ্টি হয়েছে তা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১৩) প্রয়োজনে প্রতিকার প্রার্থীর/সংশ্লিষ্টদের বক্তব্য গ্রহণ এবং প্রয়োজনীয় ডকুমেন্টস/তথ্যাদি গ্রহণ/যাচাইপূর্বক মতামত দিবেন।

(১৪) আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে বকেয়া দাবি করবেন না মর্মে প্রতিকার প্রার্থীর অঙ্গীকারনামা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে এবং যে সকল ডকুমেন্টস এর ভিত্তিতে আবেদন মঞ্জুরের সুপারিশ করা হবে সে সকল ডকুমেন্টসে তদন্তকারী কর্মকর্তার নামযুক্ত সীল স্বাক্ষরসহ থাকতে হবে।

(১৫) **পদবী সংযোজনের** /পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে যৌক্তিকতা, কারণ ও ব্যাখ্যাসহ প্রতিবেদনে উল্লেখ করতে হবে। আবেদন নামঞ্জুর হলেও কারণ উল্লেখ করতে হবে। তদন্তকারী কর্মকর্তা এতদসংক্রান্ত যাবতীয় আইন, বিধি, নীতিমালা, পরিপত্র এবং নির্দেশনাবলী যাচাই-বাছাইপূর্বক মতামত প্রদান করবেন।

০২. উল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করে **পদবী সংযোজনের** /পরিবর্তনের জন্য দাখিলকৃত আবেদন আগামী ০৭ (সাত) দিনের মধ্যে যাচাইপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত/সুপারিশ প্রদানপূর্বক (মুল কপি ফেরত সহ) প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৩ পাতা।

২-৩-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)

বিতরণ :

১) জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন), মাদরাসা শিক্ষা অধিদপ্তর

২) জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০৩৬.২১.৬৯০/১

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৮ / ০২ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সভাপতি/অধ্যক্ষ/প্রতিকার প্রার্থী , জোড়খালী ফাযিল মাদ্রাসা, ধুনট, বগুড়া।

২) মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২-৩-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)